দৈনিক জনকণ্ঠ

তারিখ 25 OCT 2016 পৃষ্ঠা ২০ কলাম ৪

# শিক্ষকদের ক্লাসে পড়াতে বাধ্য করুন ॥ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষার্থীদের প্রাইভেট না পড়িয়ে ক্লাসে পড়াতে শিক্ষকদের ওপর চাপ প্রয়োগের আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি অভিভাবকদের উদ্দেশে বলেছেন, আপনারা ভাল ফলের জন্য সন্তানদের শুধু প্রাইভেট টিউটর ও কোচিং সেন্টারে নিয়ে যান। আপনারা কেন শিক্ষকদের চাপ দেন না? আমরা শিক্ষকদের বেতন দ্বিগুণ করেছি। আপনারা শিক্ষকদের ক্লাসে পড়াতে বাধ্য করেন। সোমবার ইনস্টিটিউশন (১৯ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)

## শিক্ষকদের ক্লাসে

(২০-এর পৃষ্ঠার পর)

মিলনায়তনে আইইবি, ঢাকা কেন্দ্রের আয়োজনে প্রকৌশলী পরিবারের কৃতী সন্তানদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

মোট ছয়টি ক্যাটাগরিতে প্রাথমিক শিক্ষা সমাপনী, জুনিয়র স্কুল সার্টিফিকেট, এসএসসি, এইচএসসি, ও-লেভেল, এ-লেভেল উত্তীর্ণ প্রায় পাঁচশ ৫০ জন শিক্ষার্থীকে সংবর্ধনা দেয়া হয়। নির্বাচিতদের ক্রেস্ট ও সনদপত্র দেয়া হয়। শুরুতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে একটি ভিডিও চিত্র প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বসুন্ধরা গ্রুপের

বসুন্ধরা সিমেন্ট সেক্টরের হেড অব ডিভিশন সেলস) খন্দকার কিংশুক হোসেন। আইইবির ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান প্রকৌশলী মেসবাহুর রহমান টুটুলের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন শিক্ষা প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালা, প্রকৌশলী খায়রুল বাশার, প্রকৌশলী নজরুল ইসলাম, প্রকৌশলী আমিনুর রশীদ চৌধুরী মাসুদ প্রমুখ।